গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

# মে ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : শাহ মোহাম্মদ মাহবুব, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

**তারিখ ও সময়** : ১২ মে ২০২৬ , সকাল: ১১.০০ ঘটিকা।

**স্থান** : পদ্মা সভাকক্ষ, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | ১২ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। | কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২ | বাজেট ও ইকোনমিক কোড ব্যবস্থাপনা | ১৬টি অফিস ক্যাটাগরির অর্থনৈতিক কোড সৃজন করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | অফিস ক্যাটাগরির অর্থনৈতিক কোড সৃজন বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ৩ | অভ্যন্তরীণ ও প্রশাসনিক ব্যবস্থা (অডিট) | উপপরিচালক (বাজেট ও অর্থ) জানান, সিলেট, ঢাকা, রংপুর, রাজশাহী ও বরিশাল বিভাগের অভ্যন্তরীণ অডিট আপত্তির রিপোর্ট পাওয়া গেছে। অবশিষ্ট ৩টি বিভাগীয় সমাজসেবা কার্যালয় হতে অভ্যন্তরীণ অডিট আপত্তির লিখিত প্রতিবেদন পাওয়া যায়নি। | অবশিষ্ট ৩ টি বিভাগীয় সমাজসেবা কার্যালয় হতে আগামী ১০ কর্মদিবসের মধ্যে অভ্যন্তরীণ অডিট আপত্তির লিখিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় পরিচালক ও উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ৪ | ই-জিপি (e-GP) ও কেনাকাটা | ৪.১ পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা জানান, ৩০ জুন পর্যন্ত ম্যানুয়ালি কেনাকাটার ছাড়পত্রের জন্য বিপিপিএ BPPA তে পত্র দেওয়া হয়েছে। তিনি আরো জানান, ১০০ জন কর্মকর্তার জন্য ৪টি ব্যাচে টিওটি (ToT) প্রশিক্ষণ শুরু হবে। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>৪.২ সহকারি পরিচালক (প্রশাসন-২) জানান যে, আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের ২টি টেন্ডার দেয়ার বিষয়টি প্রক্রিয়াধীন। টেন্ডার হওয়ার পূর্বে কমিটি গঠন করতে হবে। | ৪.১ দক্ষ কর্মকর্তাদের প্রশিক্ষণে পাঠাতে হবে। টিওটি প্রাপ্ত কর্মকর্তাদের অন্যদের মাধ্যমে প্রশিক্ষণ দিতে হবে।<br>৪.২ আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫ | জেলা সমাজসেবা কমপ্লেক্সের আয় বৃদ্ধি ও এসওপি (SOP) প্রণয়ন | অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নংয়ন) জানান, জেলা কমপ্লেক্সের রুম ও অডিটোরিয়াম ভাড়া দিয়ে আয় বৃদ্ধির জন্য কোনো নির্দিষ্ট নীতিমালা বা SOP নেই। তাই নতুন জেলা কমপ্লেক্স রুম ও অডিটোরিয়াম সরকারি/বেসরকারিভাবে ভাড়া দেওয়ার জন্য নীতিমালা প্রয়োজন। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জেলা কমপ্লেক্সের রুম ও অডিটোরিয়াম ভাড়া দিয়ে আয় বৃদ্ধির জন্য কোনো নির্দিষ্ট নীতিমালা বা SOP করার জন্য ৪ সদস্যের নিম্নরুপ কমিটি গঠন করা হলো:<br>১. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-আহবায়ক<br>২. উপপরিচালক (প্রশাসন)-সদস্য<br>৩. সমাজসেবা অফিসার (সংগঠন ও ব্যবস্থাপনা)-সদস্য<br>৪. অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)- সদস্য সচিব<br>গঠিত কমিটিকে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে সার্কিট হাউজ বা অন্য কোন প্রতিষ্ঠানের আদলে ভাড়ার হার নির্ধারণ করে একটি খসড়া নীতিমালা বা SOP জমা দিতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৬ | রংপুর ও লালমনিরহাট এর জেলা সমাজসেবা কমপ্লেক্স হস্তান্তর | অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান রংপুর ও লালমনিরহাট এর জেলা সমাজসেবা কমপ্লেক্স সরেজমিন পরিদর্শন করেছেন। রংপুর এর জেলা কমপ্লেক্স PWD হস্তান্তর করেছে কিন্তু লালমনিরহাট জেলা কমপ্লেক্সের ৩টি বাথরুম (১ টি বাথরুম প্রতিবন্ধী বান্ধবসহ), দরজা স্থাপন, লিফট চালু না হওয়া এবং বৃষ্টির পানি অপসারন না হওয়ায় এখনও গ্রহন করা হয়নি।<br>লালমনিরহাট জেলা কমপ্লেক্স গ্রহণের উপযোগী করার জন্য একটি কমিটি গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলা সমাজসেবা কমপ্লেক্সগুলোকে গণপূর্ত অধিদপ্তর এর তালিকাভুক্তি করে অবকাঠামো ও লিফট নিয়মিত রক্ষণাবেক্ষণ এর জন্য PWD এর প্রধান প্রকৌশলী বরাবরে পত্র দিতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৬.১ উল্লিখিত সমস্যাগুলি সমাধানপূর্বক দ্রুত হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬.২ জেলা সমাজসেবা কমপ্লেক্সগুলোকে গণপূর্ত অধিদপ্তর এর তালিকাভুক্তিকরণসহ অবকাঠামো ও লিফট নিয়মিত রক্ষণাবেক্ষণ এর জন্য PWD এর প্রধান প্রকৌশলী বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৭ | ভাতা বিতরণ ও পেরোল | পরিচালক (সামাজিক নিরাপত্তা) জানান, আসন্ন পবিত্র ঈদুল আযহা, ২০২৬ এর আগে ভাতা প্রদানের জন্য ৯২-৯৩% পেরোল সম্পন্ন হলেও কিছু জেলায় এ হার অত্যন্ত কম। তিনি আরো জানান, যাদের ফিঙ্গারপ্রিন্ট নেই বা বয়সের কারণে মিলছে না, তাদের ভাতা উত্তোলনে সমস্যা হচ্ছে। | পবিত্র ঈদুল আযহা, ২০২৬ এর পূর্বে সামাজিক নিরাপত্তা কর্মসূচির চতুর্থ কিস্তির ভাতা বিতরণ নিশ্চিত এবং এনআইডি সমস্যা নিরসনে ম্যানুয়াল ভেরিফিকেশন করতে হবে।<br>এ বিষয়ে সরাসরি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা), সকল বিভাগীয় পরিচালক |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির অনুদান | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের জন্য বরাদ্দকৃত অর্থের অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। | বরাদ্দকৃত অর্থ আগামী জুন ২০২৬ এর মধ্যে বিতরণ সম্পন্ন করে বিস্তারিত প্রতিবেদন সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা), সকল বিভাগীয় পরিচালক |
| ৯ | ক্ষুদ্রঋণ কার্যক্রম | পরিচালক (কার্যক্রম) জানান, চলমান পল্লী সমাজসেবা (RSS), পল্লী মাতৃকেন্দ্র (RMC), এবং দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমে ঋণের সিলিং কম হওয়া এবং আদায়ের হার সন্তোষজনক না হওয়ায় বিষয়ে সভায় আলোচনা করেন। | ৯.১ পল্লী সমাজসেবা (RSS), পল্লী মাতৃকেন্দ্র (RMC), এবং দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমে ঋণের উর্ধ্বসীমা ৫০ হাজার থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৯.২ আদায় লক্ষ্যমাত্রা ৯০% এ উন্নীত করতে মহাপরিচালক কর্তৃক জেলা প্রশাসক (সকল) বরাবরে আধাসরকারি পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (কার্যক্রম) |
| ১০ | প্রবেশন ও জনবল সংকট | ১০.১ পরিচালক (কার্যক্রম) জানান, জেলখানায় বা কারামুক্তির পর কয়েদিদের পুনর্বাসনের জন্য 'অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি' কাজ করে। দেশের জেলাখানাগুলোতে প্রবেশন কর্মকর্তাদের তত্ত্বাবধানে বন্দীদের শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং মুক্তির পর সমাজে পুনর্বাসনের জন্য অর্থ প্রদান করা হয়। 'অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি' তে যে অর্থ রয়েছে তা নীতিমালা অনুযায়ী বিতরণ এবং যে সকল সমিতিতে অর্থ নেই সে সকল সমিতিতে অর্থ সংগ্রহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>১০.২ ৭২টি প্রবেশন কার্যালয়ের মধ্যে প্রায় ৩০% পদ শূন্য থাকায় অতিরিক্ত দায়িত্ব দিয়ে কাজ চালানো হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১০.১ প্রবেশন কার্যক্রম বিষয়ে মহাপরিচালককে সম্পৃক্ত করে একটি জুম মিটিং এর আয়োজন করতে হবে।<br><br>১০.২ শূন্যপদ পূরণের উদ্যোগ নিতে হবে এবং কর্মকর্তাদের সাইকোসোশাল স্টাডি ও কাউন্সিলিং বিষয়ে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রবেশন অফিসারের অতিরিক্ত দায়িত্বে থাকা কার্যালয়ে সমাজসেবা অফিসার (রেজি:)-কে প্রবেশন অফিসারের মূল দায়িত্ব দিয়ে রেজিস্ট্রেশনের অতিরিক্ত দায়িত্ব প্রদান করতে হবে। | পরিচালক (কার্যক্রম) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | মন্ত্রণালয় হতে দুত অর্থছাড়ের ব্যবস্থা করে কেন্দ্রীয় ক্রীড়া অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | অর্থ মন্ত্রণালয়ের প্রেরিত প্রশ্নের জবাব সমাজসেবা অধিদপ্তর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১০.২০.০০০৪.২৪.৬৪ তারিখ: ১১ মার্চ ২০২৬ মূলে প্রেরণ করা হয়েছে। বিষয়টি দুত সমাধানের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রতিষ্ঠান) |
| ১২ | প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা উন্নয়ন | কর্মকর্তাদের প্রশিক্ষণের চাহিদা নির্ধারণের জন্য 'ট্রেনিং নিডস অ্যাসেসমেন্ট' (TNA) ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | 'ট্রেনিং নিডস অ্যাসেসমেন্ট' ওয়ার্কশপের রূপরেখা তৈরি করতে হবে। প্রয়োজনে Capacity Building Development এর জন্য Unicef এর সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৩ | ডিজিটাল ডাটাবেস ও জেমস (GEMS) | সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ২১ অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতিতে সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকরি সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা বাধ্যতামূলক। আধুনিক ও ডিজিটাল মানবসম্পদ ব্যবস্থাপনা (HRM) নিশ্চিত করাই এই উদ্যোগের প্রধান লক্ষ্য। এর ফলে সরকারি কর্মচারীদের পদায়ন, পদোন্নতি, ছুটি এবং অন্যান্য দাপ্তরিক কার্যাবলী আরও দুত ও নির্ভুলভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (পিএসিসি) তে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের তথ্য কেন্দ্রীয় ডাটাবেস 'GEMS' সফটওয়ারে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | ১৩.১ সমাজসেবা অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য দুত কেন্দ্রীয় 'GEMS' সফটওয়্যারে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১৩.২ সমাজসেবা অধিদপ্তরের HRMS সফটওয়্যারে কর্মকর্তা-কর্মচারীদের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। এ বিষয়ে সমস্যা হলে দুত সমস্যা চিহ্নিত করে সমাধানের জন্য লিখিতভাবে জানাতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), সকল বিভাগীয় পরিচালক |
| ১৪ | GPMS ব্যবস্থাপনা | উপপরিচালক (এপিএ, ইনোভেশন ও সেবা সহজিকরণ) জানান, GPMS-এ ৩ বছর মেয়াদী পরিকল্পনা ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ খসড়া ইতোমধ্যে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। | মাঠ পর্যায় থেকে তথ্য প্রাপ্তির পর সমন্বিত তথ্য অনলাইনে দাখিল করতে হবে। | উপপরিচালক (এপিএ ও ইনোভেশন) |
| ১৫ | ফ্যামিলি কার্ড কার্যক্রম | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান, মে'/২০২৬ মাসে ২৩টি ইউনিটে ফ্যামিলি কার্ড এর পেরোল দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৫.১ বর্তমান সিদ্ধান্ত অনুযায়ী 'ফ্যামিলি কার্ড' এর পেরোল জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে।<br><br>১৫.২ 'ফ্যামিলি কার্ড উইং' তৈরির প্রস্তাব নীতি-নির্ধারণী পর্যায়ে রয়েছে। যা নিয়মিত ফলোআপ করতে হবে। | পরিচালক সামাজিক নিরাপত্তা) এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন ) |
| ১৬ | প্রশিক্ষণ | ১৬.১ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জাতীয় সমাজসেবা একাডেমি সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার/সমমান কর্মকর্তাদের নিয়ে ৫৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চালু রয়েছে। তিনি আরোও জানান, প্রশিক্ষণ প্রদানের জন্য একটি রিসোর্স পুল আপডেট করা হচ্ছে। | ১৬.১ কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য Resource Pool গঠনের নিমিত্ত আবেদন গ্রহণের জন্য পত্র জারী করতে হবে। | অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ১৬.২ পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী জানান যে, মাঠ পর্যায়ে অনগ্রসর জনগোষ্ঠির প্রশিক্ষণ অনলাইনে গ্রহন করা হয়। সরাসরি প্রশিক্ষণ দিলে আরোও ভাল হয়। | ১৬.২ অনগ্রসর জনগোষ্ঠির প্রশিক্ষণ কার্যক্রম সরাসরি পরিচালনা করতে হবে। | |
| ১৭ | DPP প্রণয়ন | জাতীয় সমাজসেবা একাডেমি স্থানান্তর, ২য় পর্যায়ে ৪২টি জেলা সমাজসেবা কমপ্লেক্স এবং ৮টি বিভাগীয় সমাজসেবা কার্যালয় নির্মাণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় সমাজসেবা একাডেমি স্থানান্তর, ২য় পর্যায়ে ৪২টি জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ এবং ৮টি বিভাগীয় সমাজসেবা কার্যালয় নির্মাণ বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক DPP প্রণয়ন করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৮ | জনবল কাঠামো ও কেন্দ্র চালুর প্রয়োজনীয় পদক্ষেপ | ১৮.১ সমাজসেবা অধিদপ্তরের জনবল কাঠমোর আওতায় জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৮২০ পদের অনুমোদন পাওয়া যায় কিন্তু অর্থ মন্ত্রণালয় ৩০০টি পদের অনুমোদন দিয়েছে অবশিষ্ট ৫২০টি পদের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় হতে পুনরায় অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>১৮.২ ৮টি বিভাগে ৮টি শান্তি নিবাস (বৃদ্ধাশ্রম) এর জন্য আউটসোর্সিং এ ১৬টি পদের সম্মতি এবং রাজস্বখাতে ৮০টি পদের সম্মতি অর্থ মন্ত্রণালয় হতে পাওয়া গেছে যা সচিব কমিটিতে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। জনবল নিয়োগ সম্পন্ন হলে শান্তি নিবাস চালু করা সম্ভব হবে। | ১৮.১ ৫২০টি পদের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>১৮.২ ৮টি বিভাগে শান্তি নিবাস চালুর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ (জনবল ও অন্যান্য) গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ))/ পরিচালক(প্রতিষ্ঠান) |
| ১৯ | ড্রাইভারদের বকেয়া | পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, ১৬ জন আউটসোর্সিং ড্রাইভারের বকেয়া আইবাসে এন্ট্রি দেওয়া হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ড্রাইভারদের বকেয়া দ্রুত পরিশোধ করতে হবে। | প্ররিচালক (প্রশাসন ও অর্থ) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ২০ | অফিস পরিচ্ছন্নতা ও উপস্থিতি | মহাপরিচালক জানান, কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিতি এবং অফিসের কর্মপরিবেশ বজায় রাখার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। | অফিস কক্ষ, ছাদবাগান, বাথরুম/টয়লেট পানির ট্যাংক ও এসি লাইন এবং ভবন ও বাউন্ডারির চারপাশ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করতে হবে। | কর্মকর্তা-কর্মচারী (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Mahbub
২০/৫/২৫

শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
ও
সভাপতি
সমাজসেবা অধিদপ্তর

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০২.২৪. ২৫০ তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, ISO-5।
৯. অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১১. উপপরিচালক/সমমান (সকল),.............................................।
১২. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৩. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৪. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৫. সহকারী পরিচালক/সমমান (সকল).......................................................................।
১৬. জনাব...................................................................... ।

২০/৫/২৬

(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন : ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০২.২৪. ২৫০

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, ISO-5।
৯. অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১১. উপপরিচালক/সমমান (সকল),............................................।
১২. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৩. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৪. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৫. সহকারী পরিচালক/সমমান (সকল).......................................................................।
১৬. জনাব........................................................................ ।

২০/৫/২৬

(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন : ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd